

## জীবন বৃত্তান্ত

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরীর জন্ম ১৯৬০ সালের ১২ ফেব্রুয়ারি ফেনী জেলার পরশুরাম উপজেলায়। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগ থেকে ১৯৮২ সালে স্নাতক এবং ১৯৮৩ সালে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) এর ১৯৮৪ সালের পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ১৯৮৬ সালের ২১ জানুয়ারি তিনি সিভিল সার্ভিসে যোগদান করেন। বিসিএস (প্রশাসন) ক্যাডারের এই মেধাবী কর্মকর্তা তিন দশকের অধিককাল দীর্ঘ কর্মজীবনে অনেক রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ দায়িত্বে আসীন হয়ে দক্ষতার সাথে জনকল্যাণে কাজ করে চলেছেন।

জনাব ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী সহকারী সচিব হিসেবে ভূমি মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে কাজ করেছেন। সিনিয়র সহকারী সচিব হিসেবে কাজ করেছেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং নৌ পরিবহন মন্ত্রণালয়ে। উপ-পরিচালক হিসেবে কাজ করেছেন দুর্নীতি দমন ব্যুরো এবং জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)-তে। বিভিন্ন পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা এবং জেলা পরিষদের সচিব হিসেবেও তিনি দায়িত্ব পালন করেছেন। মাঠ প্রশাসনের গুরুত্বপূর্ণ পদসমূহও তিনি অলংকৃত করেছেন। থানা নির্বাহী অফিসার হিসেবে নারায়ণগঞ্জের রূপগঞ্জ, অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে কুড়িগ্রাম জেলায় এবং জেলা প্রশাসক হিসেবে চট্টগ্রাম জেলায় দায়িত্ব পালন করেছেন। সরকারের যুগ্ম সচিব ও অতিরিক্ত সচিব হিসেবে তিনি কাজ করেছেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে।

২০১৪ সালে সরকারের সচিব পদে পদোন্নতি প্রাপ্ত হয়ে জনাব ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী প্রথমে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে এবং পরবর্তীতে পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে সচিবের দায়িত্ব পালন করেছেন। গত ১৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে তিনি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব হিসেবে যোগদান করেন।

স্ত্রী সেলিনা সুলতানা এবং তিন কন্যা (সুনেহরা ফরিদ, সুবাহ ফরিদ ও সুহানা ফরিদ)- কে নিয়ে তাঁর পারিবারিক জীবন।